সংবাদ

07 MAR 2017 ... ৫ ... ৪

# প্রতিবন্ধী শিশুদের শিক্ষায় নিরলস টঙ্গীর বিকাশ

**প্রতিনিধি, টঙ্গী (গাজীপুর)**

প্রতিবন্ধী শিশুদের শিক্ষাসহ অন্যান্য প্রশিক্ষণে একটি প্রতিষ্ঠান এগিয়ে এসেছে। উক্ত প্রতিষ্ঠানের নিরলস চেষ্টায় প্রতিবন্ধী শিশুরা অনেকটা স্বাভাবিক জীবনে ফিরে আসছে। টঙ্গীর ভিয়েলাটেক্সের সার্বিক সহযোগিতায় টঙ্গীর খরতৈল এলাকায় বিকাশ নামের একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। বাংলাদেশের বিভিন্ন স্থান থেকে প্রতিবন্ধী শিশুরা বিনামূল্যে শিক্ষা পাচ্ছে উক্ত প্রতিষ্ঠানে। ইতিমধ্যে উক্ত স্কুলে প্রায় অর্ধশতাধিক শিশু বিভিন্ন বিষয়ে প্রশিক্ষিত হয়ে উঠছে। গত রোববার টঙ্গীর বিকাশ স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা কানিজ ফাতিমা জেরিনের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ভিয়েলাটেক্সের চেয়ারম্যান রেজাউল হাসনাত, ভিয়েলাটেক্সের ভাইস চেয়ারম্যান আহসান কবির খান, ভিয়েলাটেক্স এর পরিচালক আমিনা সেলিনা খান প্রমুখ।